শামস মাহমুদ বলেন, এলডিসি থেকে উত্তরণের পরও যুক্তরাজ্যের বাজারে বাংলাদেশি পণ্যের শুল্কমুক্ত সুবিধা দীর্ঘ সময়ের জন্য অব্যাহত রাখা প্রয়োজন। তিনি যুক্তরাজ্যের সঙ্গে এফটিএ সইয়ের উদ্যোগ নিতে সরকারের প্রতি তিনি আহ্বান জানান। ডিসিসিআইর সাবেক সভাপতি হোসেন খালেদ বলেন, দেশি-বিদেশি বিনিয়োগ সম্প্রসারণে ব্যবসা পরিচালনার ব্যয় কমাতে হবে। এদেশে শিল্পপণ্যের পাশাপাশি সেবা খাতে যুক্তরাজ্যের বিনিয়োগের যথেষ্ট সম্ভাবনা রয়েছে। সাবেক সভাপতি আসিফ ইব্রাহীম বলেন, বাংলাদেশের পুঁজিবাজারে বিনিয়োগে যুক্তরাজ্যের উদ্যোক্তাদের প্রতি আহ্বান জানান। সাবেক সভাপতি আবুল কাসেম খান বলেন, সম্প্রতি চীন বাংলাদেশি প্রায় সব পণ্যে শুল্কমুক্ত সুবিধা দিয়েছে। এই সুযোগ গ্রহণে এ দেশে বিনিয়োগ করতে পারেন যুক্তরাজ্যের উদ্যোক্তারা। ডিসিসিআইর সাবেক এই তিন সভাপতি যুক্তরাজ্যের সঙ্গে এফটিএ করার পরামর্শ দেন।

প্রাণ আরএফএল গ্রুপের চেয়ারম্যান আহসান খান চৌধুরীও যুক্তরাজ্যের সঙ্গে এফটিএ স্বাক্ষরের অনুরোধ জানান। তিনি রপ্তানি পণ্যের বহুমুখীকরণে জোর দেন। ইনসেপ্টা ফার্মার চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক আব্দুল মুক্তাদির যুক্তরাজ্যে বাংলাদেশি ওষুধের নিবন্ধন সহজ করতে সহযোগিতা চান। বেসিস সভাপতি সৈয়দ আলমাস কবীর শিল্প উৎপাদনে রোবট তৈরিতে যুক্তরাজ্যের প্রতিষ্ঠানগুলোকে হাইটেক পার্কে বিনিয়োগের আহ্বান জানান। রহিমআফরোজ স্টোরেজ পাওয়ার বিজনেসের নির্বাহী পরিচালক ফারাজ এ রহিম বলেন, যুক্তরাজ্যে হালকা প্রকৌশল খাতের পণ্য রপ্তানির সুযোগ রয়েছে।

বণিক বার্তা
সমৃদ্ধির সহযাত্রী

## ডিসিসিআইয়ের ওয়েবিনার

# বিনিয়োগ-বাণিজ্য বৃদ্ধিতে যুক্তরাজ্যের সঙ্গে এফটিএর তাগিদ

নিজস্ব প্রতিবেদক ■

২০১৮ সালে বাংলাদেশে যুক্তরাজ্যের বৈদেশিক বিনিয়োগের পরিমাণ ছিল ৩৭ কোটি ডলার, যা বাংলাদেশের মোট বিদেশী বিনিয়োগের ১০ শতাংশ। যদিও ২০১৮ সালে এশিয়া অঞ্চলের দেশগুলোয় যুক্তরাজ্যের মোট বিদেশী বিনিয়োগ ছিল ১৮ হাজার ৬০০ বিলিয়ন ব্রিটিশ পাউন্ড। কিন্তু বাংলাদেশ এসেছে মাত্র শূন্য দশমিক ৩৭ শতাংশ। এদিকে ২০১৮-১৯ অর্থবছরের চেয়ে কমে ২০১৯-২০ অর্থবছরে বাংলাদেশ যুক্তরাজ্যে ৩৪৫ কোটি ডলারের পণ্য রফতানি করে। এ প্রেক্ষাপটে যুক্তরাজ্যের সঙ্গে মুক্ত বাণিজ্য চুক্তির (এফটিএ) তাগিদ জানিয়েছেন বাংলাদেশের ব্যক্তিখাতের প্রতিনিধি ও গবেষকরা। গতকাল এক ওয়েবিনারে এ তাগিদ দেন তারা।

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) 'যুক্তরাজ্যের সঙ্গে বাণিজ্য এবং বৈদেশিক বিনিয়োগের সম্ভাবনা' শীর্ষক ওয়েবিনারের আয়োজন করে। এতে প্রধান অতিথি হিসেবে ওয়েবিনারে যুক্ত ছিলেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশে নিযুক্ত যুক্তরাজ্যের হাইকমিশনার রবার্ট চ্যাটার্টন ডিকসন এবং যুক্তরাজ্যে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার সাইদা মুনা তাসনিম।

স্বাগত বক্তব্যে ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ বলেন, স্বাধীনতার পর থেকেই বাংলাদেশের সঙ্গে যুক্তরাজ্যের বন্ধুত্বপূর্ণ বাণিজ্য সম্পর্ক বিদ্যমান এবং বাংলাদেশে বৈদেশিক বিনিয়োগকারী দেশগুলোর মধ্যে যুক্তরাজ্যের অবস্থান দ্বিতীয়, যেখানে ২০২০ সালের মার্চ পর্যন্ত যুক্তরাজ্যভিত্তিক প্রতিষ্ঠানগুলো বাংলাদেশে ২ দশমিক ৪৫ বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে এবং প্রায় ২০০টি ব্রিটিশ প্রতিষ্ঠান বাংলাদেশে বিনিয়োগ করেছে। তিনি আরো উল্লেখ করেন, ২০১৯-২০ অর্থবছরে বাংলাদেশ ৩ দশমিক ৪৫ বিলিয়ন মূল্যের পণ্য যুক্তরাজ্যে রফতানি করে। যেখানে ২০১৮-১৯ অর্থবছরে এর পরিমাণ ছিল ৪ দশমিক ৮৩ বিলিয়ন মার্কিন ডলার। ব্রিটিশ বিনিয়োগ আকর্ষণে তিনি নতুন পণ্যের উদ্ভাবন এবং পণ্যের বহুমুখীকরণের ওপর জোরারোপ করেন।

ঢাকা চেম্বারের সভাপতি বাংলাদেশের অবকাঠামো খাতে বৃহৎ প্রকল্পগুলোয় যুক্তরাজ্যের বিনিয়োগ আকর্ষণে 'ইনফ্রাস্ট্রাকচার বন্ড' চালুর প্রস্তাব করেন। এছাড়া তিনি বাংলাদেশ ও যুক্তরাজ্যের মধ্যকার বাণিজ্য সম্প্রসারণে মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ) স্থাপনের জন্য দুই দেশের সরকারের উদ্যোগ গ্রহণের আহ্বান জানান।




আয়োজিত ওয়েবিনার ডায়ালগে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক এবং বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সানেমের নির্বাহী পরিচালক ড. সেলিম রায়হান। মূল প্রবন্ধে তিনি বলেন, বাংলাদেশে যুক্তরাজ্যের বিনিয়োগ আরো বৃদ্ধিতে বাংলাদেশী রফতানি পণ্যের বহুমুখীকরণ, যথাযথ নীতিমালা ও কৌশল প্রণয়ন, ব্যবসা পরিচালনার ব্যয় হ্রাস, দ্রুততম সময়ে অবকাঠামো এবং বিশেষ অর্থনৈতিক অঞ্চলগুলোর (এসইজেড) কার্যক্রম বাস্তবায়ন খুবই জরুরি।

প্রধান অতিথির বক্তব্যে পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম বলেন, ব্রেক্সিট-পরবর্তী সময়ে বাংলাদেশ ২০২৭ সাল পর্যন্ত ব্রিটেনে শুল্ক ও কোটামুক্ত সুবিধা নিয়ে পণ্য রফতানি করতে পারবে, যা আমাদের অর্থনীতির জন্য অত্যন্ত আশাব্যঞ্জক একটি বিষয়। পররাষ্ট্র প্রতিমন্ত্রী দুই দেশের বাণিজ্য সম্পর্ক উন্নয়নে, বাণিজ্য ও বিনিয়োগ বিষয়ক ডায়ালগ আয়োজন, দুই দেশের বাণিজ্য সংগঠনগুলোর মধ্যে যোগাযোগ আরো সুদৃঢ়করণ, কভিড-উত্তর বাণিজ্য পরিস্থিতি মোকাবেলায় 'মার্কেট স্ট্র্যাটেজি' প্রণয়ন এবং ব্রিটিশ-বাংলাদেশীদের আরো বেশি হারে বাংলাদেশে বিনিয়োগে উৎসাহী করার প্রস্তাব করেন।

যুক্তরাজ্যে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার সাইদা মুনা তাসনিম বলেন, ব্রিটিশ বাণিজ্য সংগঠনগুলো বাংলাদেশের বিনিয়োগ সম্ভাবনা এবং ব্যবসা-বাণিজ্য খাত বিষয়ে খুব বেশি অবগত নয় এবং এ অবস্থা উত্তরণে বাংলাদেশের চেম্বার ও অ্যাসোসিয়েশনগুলোকে যোগাযোগ আরো বৃদ্ধি করতে হবে। তিনি বলেন, যুক্তরাজ্যে প্রায় ৬০০ বিলিয়ন মার্কিন ডলারের ই-কমার্স বাজার রয়েছে, যেখানে বাংলাদেশী তথ্যপ্রযুক্তিভিত্তিক প্রতিষ্ঠানগুলো নিজেদের সম্পৃক্ত করতে পারে। হাইকমিশনার বলেন, ব্রিটেনে হালাল পণ্য এবং লাইট ইঞ্জিনিয়ারিং খাতে বিশাল বাজার রয়েছে এবং বাংলাদেশের উদ্যোক্তারা সহজেই এ সুযোগ গ্রহণ করে আরো বেশি হারে পণ্য যুক্তরাজ্যে রফতানি করতে পারেন।

বাংলাদেশের রফতানি পণ্যের বহুমুখীকরণ একান্ত আবশ্যক উল্লেখ করে বাংলাদেশে নিযুক্ত যুক্তরাজ্যের হাইকমিশনার রবার্ট চ্যাটার্টন ডিকসন বলেন, বাংলাদেশের ওষুধ, তথ্যপ্রযুক্তি, শিক্ষা, স্বাস্থ্য, সেবা এবং আর্থিক খাতগুলোয় ব্রিটিশ বিনিয়োগ আকর্ষণে যথেষ্ট সুযোগ রয়েছে। এছাড়া তিনি বৈদেশিক বিনিয়োগ আকর্ষণে বাংলাদেশে ব্যবসা পরিচালনার ব্যয় হ্রাস, প্রয়োজনীয় নীতিমালার সংস্কার খুবই গুরুত্বপূর্ণ বলে অভিমত ব্যক্ত করেন।

নির্ধারিত আলোচনায় বাণিজ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (এফটিএ) শরীফা খান, ডিসিসিআইয়ের সাবেক সভাপতি ও আনোয়ার গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের ব্যবস্থাপনা পরিচালক হোসেন খালেদ, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের চেয়ারম্যান ও ঢাকা চেম্বারের সাবেক সভাপতি আসিফ ইব্রাহীম, বেসিসের সভাপতি সৈয়দ আলমাস কবির, ইনসেপ্টা ফার্মাসিউটিক্যাল লিমিটেডের চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক আব্দুল মোক্তাদির, প্রাণ-আরএফএল গ্রুপের চেয়ারম্যান এবং সিইও আহসান খান চৌধুরী এবং রহিমআফরোজ স্টোরেজ পাওয়ার বিজনেসের নির্বাহী পরিচালক ফারাজ এ রহিম অংশগ্রহণ করেন। ওয়েবিনারে ডিসিসিআই ঊর্ধ্বতন সহসভাপতি এনকেএ মবিন ধন্যবাদ জ্ঞাপন করেন।

প্রাণ-আরএফএল গ্রুপের চেয়ারম্যান এবং সিইও আহসান খান চৌধুরী ব্রিটেনে বাংলাদেশী পণ্য ও সেবা রফতানি বাজার সম্প্রসারণে দুই দেশের মধ্যকার মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ) স্বাক্ষর, রফতানি পণ্যের বহুমুখীকরণ এবং বাংলাদেশী করপোরেট প্রতিষ্ঠানগুলোকে আরো বেশি হারে লন্ডন স্টক এক্সচেঞ্জে প্রবর্তিত 'বাংলা বন্ড'-এ বিনিয়োগের প্রস্তাব করেন।

বাণিজ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (এফটিএ) শরীফা খান জানান, ব্রিটিশ সরকার ২০২৭ পর্যন্ত বাংলাদেশী পণ্যের শুল্ক ও কোটামুক্ত সুবিধা প্রদান করছে এবং বাংলাদেশী পণ্য রফতানিতে বিদ্যমান শুল্ক কাঠামোর বিষয়টি আলোচনাধীন রয়েছে।

রহিমআফরোজ স্টোরেজ পাওয়ার বিজনেসের নির্বাহী পরিচালক ফারাজ এ রহিম ব্রিটেনে লাইট ইঞ্জিনিয়ারিং খাতের পণ্য রফতানির ওপর জোরারোপ করেন এবং বাংলাদেশে ব্রিটিশ বিনিয়োগ আকর্ষণে আমাদের স্থানীয় উদ্যোক্তাদের সঙ্গে যুক্তরাজ্যের কোম্পানিগুলোকে যৌথ বিনিয়োগে এগিয়ে আসার আহ্বান জানান।

ইনসেপ্টা ফার্মাসিউটিক্যাল লিমিটেডের চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক আব্দুল মোক্তাদির ব্রিটেনে বাংলাদেশী ফার্মাসিউটিক্যাল পণ্যের নিবন্ধন পেতে সে দেশের এমএইচআরএর সঙ্গে বাংলাদেশী ওষুধ নিয়ন্ত্রণ সংস্থার যোগাযোগ স্থাপনে বাংলাদেশস্থ ব্রিটেনের দূতাবাসকে সহযোগিতার আহ্বান জানান।

বেসিস সভাপতি সৈয়দ আলমাস কবীর বলেন, ইন্ডাস্ট্রিয়াল রোবট তৈরিতে নিয়োজিত যুক্তরাজ্যের প্রতিষ্ঠানগুলোকে দেশের হাই-টেক পার্কে বিনিয়োগের আহ্বান জানান।

ডিসিসিআইয়ের সাবেক সভাপতি ও আনোয়ার গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের এমডি হোসেন খালেদ দেশী-বিদেশী বিনিয়োগ সম্প্রসারণে ব্যবসা পরিচালনার ব্যয় হ্রাস এবং ভ্যালু চেইন স্থাপনের প্রস্তাব করেন।

আসিফ ইব্রাহীম জানান, শিগগিরই বাংলাদেশের দুটি পুঁজিবাজারই অটোমেশন কার্যক্রমের আওতায় নিয়ে আসা হবে এবং ব্রিটিশ কোম্পানিগুলোকে বাংলাদেশের পুঁজিবাজারে বিনিয়োগের আহ্বান জানান।

মুক্ত আলোচনায় ডিসিসিআইয়ের সাবেক সভাপতি ও বিল্ডের চেয়ারম্যান আবুল কাসেম খান ব্রিটিশ কোম্পানিগুলোকে আরো বেশি হারে বাংলাদেশে বিনিয়োগের আহ্বান জানান। এছাড়া তিনি দেশী-বিদেশী বিনিয়োগ আকর্ষণে বাংলাদেশের অবকাঠামো খাত উন্নয়নে জিডিপির ৬ শতাংশ বিনিয়োগের প্রস্তাব করেন, যেটি বর্তমানে রয়েছে প্রায় ২ দশমিক ৩ শতাংশ।

কালের কণ্ঠ

# ব্রিটেনের সঙ্গে সুসম্পর্কের প্রভাব নেই বাণিজ্যে

নিজস্ব প্রতিবেদক ▷

যুক্তরাজ্যের সঙ্গে বাংলাদেশের ঐতিহাসিক সুসম্পর্ক থাকলেও ব্যবসা-বাণিজ্য আর বিনিয়োগে কাঙ্ক্ষিত সাফল্য নেই। এ জন্য দুই দেশের বাণিজ্যিক সংগঠনসহ সরকারি পর্যায়ে দ্বিপক্ষীয় সংলাপ বাড়ানোর পরামর্শ দেওয়া হয়েছে। এ ছাড়া দেশটিতে রপ্তানি বাড়াতে পণ্য বহুমুখীকরণসহ প্রবাসী বাঙালিদের প্রয়োজনীয় পণ্যের ওপর জোর দেওয়ার কথা বলা হয়।

'যুক্তরাজ্যের সঙ্গে বাণিজ্য এবং বৈদেশিক বিনিয়োগের সম্ভাবনা' শীর্ষক ওয়েবিনারে বক্তারা এসব কথা বলেন। গতকাল বুধবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এই আয়োজন করে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম।



শুল্ক ও কোটা সুবিধা ধরে রাখতে এখনই সংলাপের তাগিদ

ওয়েবিনারে বক্তারা বলেন, বাংলাদেশের অর্থনীতির গতি চলমান রাখা, কর্মসংস্থানের সুযোগ তৈরি এবং কভিড-পরবর্তী অর্থনীতির চ্যালেঞ্জ মোকাবেলায় যুক্তরাজ্যে বাংলাদেশি পণ্যের রপ্তানিতে শুল্ক ও কোটা সুবিধা যেন অব্যাহত থাকে, এ জন্য এখনই দুই দেশের সরকারের মধ্যে সংলাপ শুরু করা জরুরি।

বিনিয়োগ বাড়ানোর উল্লেখ করে বলা হয়, ২০২০ সালের মার্চ মাস পর্যন্ত যুক্তরাজ্যভিত্তিক ২০০ প্রতিষ্ঠান বাংলাদেশে ২৪৫ কোটি ডলার বিনিয়োগ করেছে। নীতিমালা ও কৌশল প্রণয়ন, ব্যবসা পরিচালনার ব্যয় হ্রাস, দ্রুততম সময়ে অবকাঠামো এবং বিশেষ অর্থনৈতিক অঞ্চলগুলোর (এসইজেড) কার্যক্রম বাস্তবায়ন খুবই জরুরি।

প্রধান অতিথির বক্তব্যে শাহরিয়ার আলম বলেন, 'যুক্তরাজ্যের সঙ্গে বাংলাদেশের ঐতিহাসিক সম্পর্ক রয়েছে। বাংলাদেশ স্বাধীন হওয়ার পর বঙ্গবন্ধু পাকিস্তান থেকে লন্ডন হয়ে দেশে ফিরেছিলেন। এ ছাড়া প্রায় ৪০০ বছর আগে আমাদের মসলিন কাপড় ও জাহাজের বাণিজ্য ছিল দেশটির সঙ্গে।' সাম্প্রতিক সময়ে আরো বেড়েছে উল্লেখ করে তিনি বলেন, ব্রেক্সিট-পরবর্তী সময়ে বাংলাদেশ ২০২৭ সাল পর্যন্ত ব্রিটেনে শুল্ক ও কোটা মুক্ত সুবিধা পাবে।

যুগান্তর

# যুক্তরাজ্যের সঙ্গে এফটিএ স্বাক্ষরের উদ্যোগ নেয়ার আহ্বান

যুগান্তর রিপোর্ট

বাংলাদেশ ও যুক্তরাজ্যের মধ্যে বাণিজ্য সম্প্রসারণে মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ) স্বাক্ষরের ব্যাপারে দুই দেশের সরকারের এখনই উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। যুক্তরাজ্যের বিনিয়োগ আনতে বাংলাদেশে ইনফ্রাস্ট্রাকচার বন্ড চালু, ব্যবসা পরিচালনার ব্যয় হ্রাস, প্রয়োজনীয় নীতিমালার সংস্কার করা দরকার। এছাড়া যুক্তরাজ্যে রফতানি বাড়াতে পণ্যের বহুমুখীকরণেরও কোনো বিকল্প নেই। বুধবার 'যুক্তরাজ্যের সঙ্গে বাণিজ্য এবং বৈদেশিক বিনিয়োগের সম্ভাবনা' শীর্ষক ওয়েবিনারে বক্তারা এসব কথা বলেন।

**তথ্য-প্রযুক্তি খাতে ব্রিটিশ বিনিয়োগ আহ্বান পররাষ্ট্র প্রতিমন্ত্রীর**

ওয়েবিনারে প্রধান অতিথি ছিলেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম। এতে বাংলাদেশে নিযুক্ত যুক্তরাজ্যের হাইকমিশনার রবার্ট চ্যাটার্টন ডিকসন, যুক্তরাজ্যে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার সাইদা মুনা তাসনিম, ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ প্রমুখ বক্তব্য দেন। এতে আরও অংশ নেন বাণিজ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (এফটিএ) শরীফা খান, ডিসিসিআই'র সাবেক সভাপতি হোসেন খালেদ, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের চেয়ারম্যান আসিফ ইব্রাহীম, বেসিসের সভাপতি সৈয়দ আলমাস কবির, ইনসেপটা ফার্মাসিউটিক্যাল লিমিটেডের চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক আব্দুল মোক্তাদির, প্রাণ আরএফএল গ্রুপের চেয়ারম্যান আহসান খান চৌধুরী এবং রহিমআফরোজ স্টোরেজ পাওয়ার বিজনেসের নির্বাহী পরিচালক ফারাজ এ রহিম।

পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম বলেন, ব্রেক্সিটপরবর্তী সময়ে বাংলাদেশ ২০২৭ সাল পর্যন্ত ব্রিটেনে শুল্ক ও কোটামুক্ত সুবিধা নিয়ে পণ্য রফতানি করতে পারবে, যা আমাদের অর্থনীতির জন্য অত্যন্ত আশাব্যঞ্জক একটি বিষয়। কোভিডউত্তর বাণিজ্য পরিস্থিতি মোকাবেলায় তিনি 'মার্কেট স্ট্র্যাটেজি' প্রণয়ন এবং ব্রিটিশ-বাংলাদেশিদের আরও বেশি হারে বাংলাদেশে বিনিয়োগের আহ্বান জানান। তিনি বলেন, তথ্য-প্রযুক্তি খাতে বাংলাদেশের তরুণ জনগোষ্ঠী বেশ সম্ভাবনাময় এবং এ সুযোগ কাজে লাগিয়ে ব্রিটিশ তথ্য-প্রযুক্তিভিত্তিক প্রতিষ্ঠান বাংলাদেশে বিনিয়োগ করতে পারে। তাদের ব্যবসায়িক কার্যক্রম সম্প্রসারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে পাশাপাশি আমাদের তরুণদের দক্ষতাও বাড়াবে। ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ বলেন, ব্রিটিশ বিনিয়োগ আকর্ষণে নতুন পণ্যের উদ্ভাবন এবং পণ্যের বহুমুখীকরণের ওপর জোর দিতে হবে।

প্রচার সংখ্যায় সর্বশীর্ষে দৈনিক জনকণ্ঠ
স্বাতন্ত্র্য ও নিরপেক্ষতায় সচেষ্ট The daily janakantha

# যুক্তরাজ্যের সঙ্গে মুক্তবাণিজ্য চুক্তি চান উদ্যোক্তারা

**অর্থনৈতিক রিপোর্টার ॥** বাণিজ্য সম্প্রসারণের জন্য যুক্তরাজ্যের সঙ্গে মুক্তবাণিজ্য চুক্তি চান বাংলাদেশী উদ্যোক্তারা। বুধবার যুক্তরাজ্যের সঙ্গে বাণিজ্য ও বিনিয়োগ সম্ভাবনা শীর্ষক এক ওয়েবিনারে উদ্যোক্তারা এ দাবি জানান। এ সময় বাংলাদেশে নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার বৈদেশিক বিনিয়োগ আকর্ষণে বাংলাদেশে ব্যবসা পরিচালনার ব্যয় হ্রাস ও প্রয়োজনীয় নীতিমালার সংস্কারের পরামর্শ দেন।

ঢাকা চেম্বার অব কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'যুক্তরাজ্যের সঙ্গে বাণিজ্য এবং বৈদেশিক বিনিয়োগের সম্ভাবনা' শীর্ষক এই ওয়েবিনারের আয়োজন করে। অনুষ্ঠানে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম প্রধান অতিথি ছিলেন। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশে নিযুক্ত যুক্তরাজ্যের হাইকমিশনার রাবার্ট চ্যাটার্টন ডিকসন এবং যুক্তরাজ্যে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার সাইদা মুনা তাসনিম।

প্রধান অতিথির বক্তব্যে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম বলেন, ব্রেক্সিট পরবর্তী সময়ে বাংলাদেশ ২০২৭ সাল পর্যন্ত ব্রিটেনে শুল্ক ও কোটামুক্ত সুবিধা নিয়ে পণ্য রফতানি করতে পারবে, যা আমাদের অর্থনীতির জন্য অত্যন্ত আশাব্যঞ্জক একটি বিষয়। পররাষ্ট্র প্রতিমন্ত্রী দুদেশের বাণিজ্য সম্পর্কোন্নয়নে, বাণিজ্য ও বিনিয়োগ বিষয়ক ডায়ালগ আয়োজন, দুদেশের বাণিজ্য সংগঠনের মধ্যে যোগাযোগ আরও সুদৃঢ়করণ, কোভিড-১৯ উত্তর বাণিজ্য পরিস্থিতি মোকাবেলায় 'মার্কেট স্ট্র্যাটেজি' প্রণয়ন এবং ব্রিটিশ-বাংলাদেশীদের আরও বেশি হারে বাংলাদেশে বিনিয়োগে উৎসাহী করার প্রস্তাব করেন।

## ব্যবসা পরিচালনার ব্যয় হ্রাস ও নীতিমালার সংস্কারের পরামর্শ ব্রিটিশ হাইকমিশনারের

যুক্তরাজ্যে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার সাইদা মুনা তাসনিম বলেন, ব্রিটিশ বাণিজ্য সংগঠনসমূহ বাংলাদেশের বিনিয়োগ সম্ভাবনা এবং ব্যবসা-বাণিজ্য খাত বিষয়ে খুব বেশি অবগত নয় এবং এ অবস্থা উত্তরণে বাংলাদেশের চেম্বার ও এ্যাসোসিয়েশনগুলোকে যোগাযোগ আরও বৃদ্ধি করতে হবে। তিনি বলেন, যুক্তরাজ্যে প্রায় ৬০০ বিলিয়ন মার্কিন ডলারের ই-কমার্স বাজার রয়েছে, যেখানে বাংলাদেশী তথ্যপ্রযুক্তিভিত্তিক প্রতিষ্ঠানগুলো নিজেদের সম্পৃক্ত করতে পারে। হাইকমিশনার বলেন, ব্রিটেনে হালাল পণ্য এবং লাইট ইঞ্জিনিয়ারিং খাতে বিশাল বাজার রয়েছে এবং বাংলাদেশের উদ্যোক্তারা সহজেই এ সুযোগ গ্রহণ করে আরও বেশি হারে পণ্য যুক্তরাজ্যে রফতানি করতে পারেন।

বাংলাদেশে নিযুক্ত যুক্তরাজ্যের হাইকমিশনার রাবার্ট চ্যাটার্টন ডিকসন বলেন, বাংলাদেশের রফতানি পণ্যের বহুমুখীকরণ একান্ত আবশ্যক। তিনি জানান, বাংলাদেশের ওষুধ, তথ্যপ্রযুক্তি, শিক্ষা, স্বাস্থ্য, সেবা এবং আর্থিক খাতসমূহে ব্রিটিশ বিনিয়োগ আকর্ষণে যথেষ্ট সুযোগ রয়েছে। এছাড়াও তিনি বৈদেশিক বিনিয়োগ আকর্ষণে বাংলাদেশে ব্যবসা পরিচালনার ব্যয় হ্রাস, প্রয়োজনীয় নীতিমালার সংস্কার খুবই গুরুত্বপূর্ণ বলে অভিমত ব্যক্ত করেন। হাইকমিশনার বলেন, সম্প্রতি ব্রিটেনে 'বাংলা বন্ড' চালু হয়েছে, যা দুদেশের উদ্যোক্তাদের আত্মবিশ্বাস ফিরিয়ে আনতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। তিনি দুদেশের বাণিজ্য সম্প্রসারণে বাংলাদেশের ব্রিটিশ হাইকমিশন হতে সর্বাত্মক সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

স্বাগত বক্তব্যে ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ বলেন, ২০২০ সালের মার্চ মাস পর্যন্ত প্রায় ২০০টি ব্রিটিশ প্রতিষ্ঠান বাংলাদেশে ২.৪৫ বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে। তিনি উল্লেখ করেন, ২০১৯-২০ অর্থবছরে বাংলাদেশ ৩.৪৫ বিলিয়ন মূল্যের পণ্য যুক্তরাজ্যে রফতানি করে, যেখানে ২০১৮-১৯ অর্থবছরের এর পরিমাণ ছিল ৪.৮৩ বিলিয়ন মার্কিন ডলার। ব্রিটিশ বিনিয়োগ আকর্ষণে তিনি নতুন পণ্যের উদ্ভাবন এবং পণ্যের বহুমুখীকরণে উপর জোরারোপ করেন। ঢাকা চেম্বারের সভাপতি বাংলাদেশের অবকাঠামো খাতে বৃহৎ প্রকল্পসমূহে যুক্তরাজ্যের বিনিয়োগ আকর্ষণে 'ইনফ্রাস্ট্রাকচার বন্ড' চালুর প্রস্তাব করেন।

আয়োজিত ওয়েবিনার ডায়ালগে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. সেলিম রায়হান। মূল প্রবন্ধে তিনি উল্লেখ করেন, ২০১৮ সালে বাংলাদেশে যুক্তরাজ্যের বৈদেশিক বিনিয়োগের পরিমাণ ছিল ৩৭০ বিলিয়ন মার্কিন ডলার, যা বাংলাদেশের মোট বৈদেশিক বিনিয়োগের ১০ শতাংশ। যদিও ২০১৮ সালে এশিয়া অঞ্চলের দেশগুলোতে যুক্তরাজ্যের সর্বমোট বৈদেশিক বিনিয়োগ ছিল ১৮৬.৪৬ বিলিয়ন ব্রিটিশ পাউন্ড, কিন্তু বাংলাদেশ এসেছে মাত্র ০.৩৭ শতাংশ। বাংলাদেশে যুক্তরাজ্যের বিনিয়োগ আরও বৃদ্ধিতে তিনি বাংলাদেশী রফতানি পণ্যের বহুমুখীকরণ, যথাযথ নীতিমালা ও কৌশল প্রণয়ন, ব্যবসা পরিচালনার ব্যয় হ্রাস, দ্রুততম সময়ে অবকাঠামো এবং বিশেষ অর্থনৈতিক অঞ্চলগুলোর (এসইজেড) কার্যক্রম বাস্তবায়ন, খুবই জরুরী বলে মত প্রকাশ করেন।

নির্ধারিত আলোচনায় বাণিজ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (এফটিএ) শরীফা খান, ডিসিসিআইর প্রাক্তন সভাপতি ও আনোয়ার গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের ব্যবস্থাপনা পরিচালক হোসেন খালেদ, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের চেয়ারম্যান ও ঢাকা চেম্বারের প্রাক্তন সভাপতি আসিফ ইব্রাহীম, বেসিসের সভাপতি সৈয়দ আলমাস কবির, ইনসেপ্টা ফার্মাসিউটিক্যাল লিমিটেডের চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক আব্দুল মোক্তাদির, প্রাণ আরএফএল গ্রুপের চেয়ারম্যান এবং সিইও আহসান খান চৌধুরী এবং রহিমআফরোজ স্টোরেজ পাওয়ার বিজনেসের নির্বাহী পরিচালক ফারাজ এ রহিম অংশগ্রহণ করেন।

The Daily Shomoyer Alo
সময়ের আলো
সত্য প্রকাশে আপোসহীন

'যুক্তরাজ্যের সঙ্গে বাণিজ্য এবং বৈদেশিক বিনিয়োগের সম্ভাবনা' ওয়েবিনার অনুষ্ঠিত

# যুক্তরাজ্যের বিনিয়োগ আকর্ষণে 'ইনফ্রাস্ট্রাকচার বন্ড' চালুর প্রস্তাব

● নিজস্ব প্রতিবেদক



২০১৯-২০ অর্থবছরে বাংলাদেশ ৩.৪৫ বিলিয়ন মূল্যের পণ্য যুক্তরাজ্যে রফতানি করে, যেখানে ২০১৮-১৯ অর্থবছরের এর পরিমাণ ছিল ৪.৮৩ বিলিয়ন মার্কিন ডলার। ব্রিটিশ বিনিয়োগ আকর্ষণে নতুন পণ্যের উদ্ভাবন এবং পণ্যের বহুমুখীকরণের ওপর জোরারোপ করা হয়েছে। একই সঙ্গে বাংলাদেশের অবকাঠামো খাতে বৃহৎ প্রকল্পসমূহে যুক্তরাজ্যের বিনিয়োগ আকর্ষণে 'ইনফ্রাস্ট্রাকচার বন্ড' চালুর প্রস্তাব করা হয়েছে। বুধবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'যুক্তরাজ্যের সঙ্গে বাণিজ্য এবং বৈদেশিক বিনিয়োগের সম্ভাবনা' শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠানে ডিসিসিআই সভাপতি এ প্রস্তাবনা তুলে ধরেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম। এ ছাড়াও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশে নিযুক্ত যুক্তরাজ্যের হাইকমিশনার রাবার্ট চ্যাটার্টন ডিকসন এবং যুক্তরাজ্যে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার সাইদা মুনা তাসনিম। ওয়েবিনার আয়োজিত ওয়েবিনার ডায়ালগে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক এবং সানেমের নির্বাহী পরিচালক ড. সেলিম রায়হান। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ।

পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম বলেছেন, ব্রেক্সিট পরবর্তী সময়ে বাংলাদেশ ২০২৭ সাল পর্যন্ত ব্রিটেনে শুল্ক ও কোটামুক্ত সুবিধা নিয়ে পণ্য রফতানি করতে পারবে, যা আমাদের অর্থনীতির জন্য অত্যন্ত আশাব্যঞ্জক একটি বিষয়। পররাষ্ট্র প্রতিমন্ত্রী দুদেশের বাণিজ্য সম্পর্ক উন্নয়নে, বাণিজ্য ও বিনিয়োগ বিষয়ক ডায়ালগ আয়োজন, দুদেশের বাণিজ্য সংগঠনসমূহের মধ্যে যোগাযোগ আরও সুদৃঢ়করণ, কোভিড-উত্তর বাণিজ্য পরিস্থিতি মোকাবিলায় 'মার্কেট স্ট্রাটেজি' প্রণয়ন এবং ব্রিটিশ-বাংলাদেশিদের আরও বেশি হারে বাংলাদেশে বিনিয়োগে উৎসাহী করার প্রস্তাব করেন।

পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, দেশে তথ্যপ্রযুক্তি খাতে বেশ সম্ভাবনাময় এবং এ সুযোগকে কাজে লাগিয়ে ব্রিটিশ তথ্যপ্রযুক্তি ভিত্তিক প্রতিষ্ঠানসমূহ বাংলাদেশে বিনিয়োগ করতে পারে, যা তাদের ব্যবসায়িক কার্যক্রম সম্প্রসারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে, পাশাপাশি আমাদের তরুণদের দক্ষতাও বাড়াবে।

স্বাগত বক্তব্যে ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ বলেন, বাংলাদেশের অর্থনীতির গতিকে চলমান রাখা, কর্মসংস্থানের সুযোগ তৈরি এবং কোভিড পরবর্তী অর্থনীতির চ্যালেঞ্জ মোকাবিলায় যুক্তরাজ্যে বাংলাদেশি পণ্যের রফতানিতে শুল্ক ও কোটামুক্ত সুবিধা আরও দীর্ঘ সময়ের জন্য বলবদ রাখা একান্ত প্রয়োজন। এ ছাড়াও তিনি বাংলাদেশ ও যুক্তরাজ্যের মধ্যকার বাণিজ্য সম্প্রসারণে মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ) স্বাক্ষরের জন্য দুদেশের সরকারের উদ্যোগ গ্রহণের আহ্বান জানান।

দৈনিক ইনকিলাব
THE DAILY INQILAB

## ঢাকা চেম্বার আয়োজিত ওয়েবিনার অনুষ্ঠিত

# যুক্তরাজ্যের বিনিয়োগ আকর্ষণে 'ইনফ্রাস্ট্রাকচার বন্ড' চালুর প্রস্তাব

**অর্থনৈতিক রিপোর্টার :** গত (২০১৯-২০) অর্থবছরে বাংলাদেশ ৩ দশমিক ৪৫ বিলিয়ন মূল্যের পণ্য যুক্তরাজ্যে রপ্তানি করে। যেখানে এর আগের বছরে এর পরিমাণ ছিল ৪ দশমিক ৮৩ বিলিয়ন মার্কিন ডলার। বৃটিশ বিনিয়োগ আকর্ষনে তাই নতুন পণ্যের উদ্ভাবন এবং পণ্যের বহুমুখীকরণের উপর জোরারোপ করেন ঢাকা ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ। বাংলাদেশের অবকাঠমোখাতে বৃহৎ প্রকল্পগুরোতে যুক্তরাজ্যের বিনিয়োগ আকর্ষণে 'ইনফ্রাস্ট্রাকচার বন্ড' চালুর প্রস্তাব করেন তিনি।

গতকাল ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'যুক্তরাজ্যের সাথে বাণিজ্য এবং বৈদেশিক বিনিয়োগের সম্ভাবনা' শীর্ষক ওয়েবিনারে এ সব কথা বলেন সংগঠনটির সভাপতি। অনুষ্ঠানে পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়াও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশে নিযুক্ত যুক্তরাজ্যের হাইকমিশনার রাবার্ট চ্যাটার্টন ডিকসন এবং যুক্তারাজ্যে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার সাইদা মুনা তাসনিম। আয়োজিত ওয়েবিনার ডায়ালগে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক এবং সানেম'র নির্বাহী পরিচালক ড. সেলিম রায়হান।

শামস মাহমুদ বলেন, স্বাধীনতার পর থেকেই বাংলাদেশের সঙ্গে যুক্তরাজ্যের বন্ধুত্বপূর্ণ বাণিজ্য সম্পর্ক বিদ্যমান রয়েছে এবং বাংলাদেশে বৈদেশিক বিনিয়োগকারী দেশগুলোর মধ্যে যুক্তরাজ্যের অবস্থান দ্বিতীয়। যেখানে ২০২০ সালের মার্চ মাস পর্যন্ত যুক্তরাজ্য ভিত্তিক প্রতিষ্ঠানগুলো বাংলাদেশে ২ দশমিক ৪৫ বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে এবং প্রায় ২০০টি বৃটিশ প্রতিষ্ঠান বাংলাদেশে বিনিয়োগ করেছে। মূল প্রবন্ধে ড. সেলিম রায়হান উল্লেখ করেন, ২০১৮ সালে বাংলাদেশে যুক্তরাজ্যের বৈদেশিক বিনিয়োগের পরিমাণ ছিল ৩৭০ মিলিয়ন মার্কিন ডলার, যা বাংলাদেশের মোট বৈদেশিক বিনিয়োগের ১০ শতাংশ। যদিও ২০১৮ সালে এশিয়া অঞ্চলের দেশগুলোতে যুক্তরাজ্যের সর্বমোট বৈদেশিক বিনিয়োগ ছিল ১৮৬ দশমিক ৪৬ বিলিয়ন বৃটিশ পাউন্ড, কিন্তু বাংলাদেশ এসেছে মাত্র শুণ্য দশমিক ৩৭ শতাংশ।

পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম বলেন, সুদৃঢ় অতীতকাল হতেই বৃটেন বিশ্ববাণিজ্যে গুরুত্বপূর্ণ ভমিকা রেখে আসছে, যা সাম্প্রতিক সময়ে আরো বেড়েছে। তিনি বলেন, ব্রেক্সিট পরবর্তী সময়ে বাংলাদেশ ২০২৭ সাল পর্যন্ত বৃটেনে শুল্ক ও কোটামুক্ত সুবিধা নিয়ে পণ্য রপ্তানি করতে পারবে, যা আমাদের অর্থনীতির জন্য অত্যন্ত আশাব্যঞ্জক একটি বিষয়।

যুক্তারাজ্যে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার সাইদা মুনা তাসনিম বলেন, যুক্তরাজ্যে প্রায় ৬০০ বিলিয়ন মার্কিন ডলারের ই-কমার্স বাজার রয়েছে, যেখানে বাংলাদেশি তথ্য-প্রযুক্তি ভিত্তিক প্রতিষ্ঠানগুলো নিজেদের সম্পৃক্ত করতে পারে।

বাংলাদেশে নিযুক্ত যুক্তরাজ্যের হাইকমিশনার রাবার্ট চ্যাটার্টন ডিকসন বলেন, বাংলাদেশের ঔষধ, তথ্য-প্রযুক্তি, শিক্ষা, স্বাস্থ্য, সেবা এবং আর্থিক খাতসমূহে বৃটিশ বিনিয়োগ আকর্ষনে যথেষ্ট সুযোগ রয়েছে।

নয়া দিগন্ত



ডিসিসিআই আয়োজিত ওয়েবিনারে অংশগ্রহণকারীদের কয়েকজন

## ডিসিসিআইর ওয়েবিনারে বক্তারা

# যুক্তরাজ্যের বিনিয়োগ আকর্ষণে প্রতিবন্ধকতা নিরসন দরকার

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'যুক্তরাজ্যের সাথে বাণিজ্য এবং বৈদেশিক বিনিয়োগের সম্ভাবনা' শীর্ষক ওয়েবিনার গতকাল অনুষ্ঠিত হয়। এতে পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো: শাহরিয়ার আলম, এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশে নিযুক্ত যুক্তরাজ্যের হাইকমিশনার রবার্ট চ্যাটার্টন ডিকসন এবং যুক্তরাজ্যে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার সাইদা মুনা তাসনিম। বক্তারা বলেন, যুক্তরাজ্যের বিনিয়োগ আকর্ষণে সমন্বিত কার্যক্রম গ্রহণ এবং বিদ্যমান প্রতিবন্ধকতা দ্রুত নিরসন আবশ্যক।

স্বাগত বক্তব্যে ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ বলেন, বাংলাদেশে বৈদেশিক বিনিয়োগকারী দেশগুলোর মধ্যে যুক্তরাজ্যের অবস্থান দ্বিতীয় ২০২০ সালের মার্চ মাস পর্যন্ত যুক্তরাজ্যভিত্তিক প্রতিষ্ঠানসমূহ বাংলাদেশে ২.৪৫ বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে এবং প্রায় ২০০টি ব্রিটিশ প্রতিষ্ঠান বাংলাদেশে বিনিয়োগ করেছে।

আয়োজিত ওয়েবিনার ডায়ালগে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক এবং সানেমের নির্বাহী পরিচালক ড. সেলিম রায়হান। সেলিম রায়হান বাংলাদেশ এবং যুক্তরাজ্যের মধ্যকার মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ) স্বাক্ষরের লক্ষ্যে উদ্যোগ গ্রহণের প্রস্তাব করেন। প্রধান অতিথির বক্তব্যে পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো: শাহরিয়ার আলম ■ ৪র্থ পৃ: ৬-এর কলামে

*শেষ পৃষ্ঠার পর*

বলেন, সুদৃঢ় অতীতকাল হতেই ব্রিটেন বিশ্ববাণিজ্যে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে আসছে, যা সাম্প্রতিক সময়ে আরো বেড়েছে। তিনি বলেন, ব্রেক্সিট পরবর্তী সময়ে বাংলাদেশ ২০২৭ সাল পর্যন্ত ব্রিটেনে শুল্ক ও কোটামুক্ত সুবিধা নিয়ে পণ্য রফতানি করতে পারবে, যা আমাদের অর্থনীতির জন্য অত্যন্ত আশাব্যঞ্জক একটি বিষয়। পররাষ্ট্র প্রতিমন্ত্রী দুই দেশের বাণিজ্য সম্পর্ক উন্নয়নে, বাণিজ্য ও বিনিয়োগ বিষয়ক ডায়ালগ আয়োজন, দুই দেশের বাণিজ্য সংগঠনগুলোর মধ্যে যোগাযোগ আরো সুদৃঢ়করণ, কোভিড উত্তর বাণিজ্য পরিস্থিতি মোকাবেলায় 'মার্কেট স্ট্র্যাটেজি' প্রণয়ন এবং ব্রিটিশ-বাংলাদেশীদের আরো বেশি হারে বাংলাদেশে বিনিয়োগে উৎসাহী করার প্রস্তাব করেন। তিনি বলেন, বাংলাদেশ তরুণ জনগোষ্ঠী তথ্যপ্রযুক্তি খাতে বেশ সম্ভাবনাময় এবং এ সুযোগকে কাজে লাগিয়ে ব্রিটিশ তথ্যপ্রযুক্তিভিত্তিক প্রতিষ্ঠানগুলো বাংলাদেশে বিনিয়োগ করতে পারে, যা তাদের ব্যবসায়িক কার্যক্রম সম্প্রসারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে, পাশাপাশি আমাদের তরুণদের দক্ষতাও বাড়াবে।

যুক্তরাজ্যে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার সাইদা মুনা তাসনিম বলেন, ব্রিটিশ বাণিজ্য সংগঠনগুলো বাংলাদেশের বিনিয়োগ সম্ভাবনা এবং ব্যবসা-বাণিজ্য খাত বিষয়ে খুব বেশি অবগত নয় এবং এ অবস্থা উত্তরণে বাংলাদেশের চেম্বার ও অ্যাসোসিয়েশনগুলোকে যোগাযোগ আরো বৃদ্ধি করতে হবে। তিনি বলেন, যুক্তরাজ্যে প্রায় ৬০০ বিলিয়ন মার্কিন ডলারের ই-কমার্স বাজার রয়েছে, যেখানে বাংলাদেশী তথ্যপ্রযুক্তি ভিত্তিক প্রতিষ্ঠানগুলো নিজেদের সম্পৃক্ত করতে পারে। হাইকমিশনার বলেন, ব্রিটেনে হালাল পণ্য এবং লাইট ইঞ্জিনিয়ারিং খাতে বিশাল বাজার রয়েছে এবং বাংলাদেশের উদ্যোক্তারা সহজেই এ সুযোগ গ্রহণ করে আরো বেশি হারে পণ্য যুক্তরাজ্যে রপ্তানি করতে পারে।

বাংলাদেশে নিযুক্ত যুক্তরাজ্যের হাইকমিশনার রবার্ট চ্যাটার্টন ডিকসন বলেন, বাংলাদেশের রফতানি পণ্যের বহুমুখীকরণ একান্ত আবশ্যক। তিনি জানান, বাংলাদেশের ওষুধ, তথ্যপ্রযুক্তি, শিক্ষা, স্বাস্থ্য, সেবা এবং আর্থিক খাতগুলোতে ব্রিটিশ বিনিয়োগ আকর্ষণে যথেষ্ট সুযোগ রয়েছে। এ ছাড়াও তিনি বৈদেশিক বিনিয়োগ আকর্ষণে বাংলাদেশে ব্যবসা পরিচালনার ব্যয় হ্রাস, প্রয়োজনীয় নীতিমালার সংস্কার খুবই গুরুত্বপূর্ণ বলে অভিমত ব্যক্ত করেন। হাইকমিশনার বলেন, সম্প্রতি ব্রিটেনে 'বাংলা বন্ড' চালু হয়েছে, যা দুই দেশের উদ্যোক্তাদের আত্মবিশ্বাস ফিরিয়ে আনতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। তিনি দুই দেশের বাণিজ্য সম্প্রসারণে বাংলাদেশের ব্রিটিশ হাইকমিশন হতে সর্বাত্মক সহযোগিতার আশ্বাস প্রদান করেন। বিজ্ঞপ্তি।

মুক্ত প্রাণের প্রতিধ্বনি
ভোরের কাগজ

### ঢাকা চেম্বারের ওয়েবিনার

# যুক্তরাজ্যের বিনিয়োগ আকর্ষণে ইনফ্রাস্ট্রাকচার বন্ড চালুর প্রস্তাব

**কাগজ প্রতিবেদক :** বাংলাদেশ গত (২০১৯-২০) অর্থবছরে ৩ দশমিক ৪৫ বিলিয়ন মূল্যের পণ্য যুক্তরাজ্যে রপ্তানি করে। এর আগের বছরে এর পরিমাণ ছিল ৪ দশমিক ৮৩ বিলিয়ন মার্কিন ডলার। ব্রিটিশ বিনিয়োগ আকর্ষণে তাই নতুন পণ্যের উদ্ভাবন এবং পণ্যের বহুমুখীকরণের ওপর জোরারোপ করেন ঢাকা ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ। বাংলাদেশের অবকাঠমো খাতে বৃহৎ প্রকল্পগুলোতে যুক্তরাজ্যের বিনিয়োগ আকর্ষণে 'ইনফ্রাস্ট্রাকচার বন্ড' চালুর প্রস্তাব করেন তিনি।

গতকাল বুধবার ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'যুক্তরাজ্যের সঙ্গে বাণিজ্য এবং বৈদেশিক বিনিয়োগের সম্ভাবনা' শীর্ষক ওয়েবিনারে এসব কথা বলেন সংগঠনটির সভাপতি। অনুষ্ঠানে পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম প্রধান অতিথি হিসেবে অংশ নেন। এ ছাড়াও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশে নিযুক্ত যুক্তরাজ্যের হাইকমিশনার রাবার্ট চ্যাটার্টন ডিকসন এবং যুক্তরাজ্যে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার সাইদা মুনা তাসনিম।

আয়োজিত ওয়েবিনার ডায়ালগে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক এবং সানেম'র নির্বাহী পরিচালক ড. সেলিম রায়হান। স্বাগত বক্তব্যে ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ বলেন, স্বাধীনতার পর থেকেই বাংলাদেশের সঙ্গে যুক্তরাজ্যের বন্ধুত্বপূর্ণ বাণিজ্য সম্পর্ক বিদ্যমান রয়েছে এবং বাংলাদেশে বৈদেশিক বিনিয়োগকারী দেশগুলোর মধ্যে যুক্তরাজ্যের অবস্থান দ্বিতীয়। যেখানে ২০২০ সালের মার্চ মাস পর্যন্ত যুক্তরাজ্যভিত্তিক প্রতিষ্ঠানগুলো বাংলাদেশে ২ দশমিক ৪৫ বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে এবং প্রায় ২০০টি ব্রিটিশ প্রতিষ্ঠান বাংলাদেশে বিনিয়োগ করেছে। বাংলাদেশের অবকাঠমো খাতে বৃহৎ প্রকল্পগুলোতে যুক্তরাজ্যের বিনিয়োগ আকর্ষণে 'ইনফ্রাস্ট্রাকচার বন্ড' চালুর প্রস্তাব করেন তিনি। বাংলাদেশের অর্থনীতির গতিকে চলমান রাখা, কর্মসংস্থানের সুযোগ তৈরি এবং কোভিড পরবর্তী সময়ে অর্থনীতির চ্যালেঞ্জ মোকাবিলায় যুক্তরাজ্যে বাংলাদেশি পণ্যের রপ্তানিতে শুল্ক ও কোটামুক্ত সুবিধা আরো দীর্ঘ সময়ের জন্য বলবৎ রাখা প্রয়োজন বলে মত প্রকাশ করেন ডিসিসিআই সভাপতি।

নির্ধারিত আলোচনায় বাণিজ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (এফটিএ) শরীফা খান, ডিসিসিআই-এর প্রাক্তন সভাপতি ও আনোয়ার গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের ব্যবস্থাপনা পরিচালক হোসেন খালেদ, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের চেয়ারম্যান ও ঢাকা চেম্বারের প্রাক্তন সভাপতি আসিফ ইব্রাহীম, বেসিসের সভাপতি সৈয়দ আলমাস কবির, ইনসেপটা ফার্মাসিউটিক্যাল লিমিটেডের চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক আব্দুল মোক্তাদির, প্রাণ আরএফএল গ্রুপের চেয়ারম্যান এবং সিইও আহসান খান চৌধুরী এবং রহিমআফরোজ স্টোরেজ পাওয়ার বিজনেসের নির্বাহী পরিচালক ফারাজ এ রহিম অংশগ্রহণ করেন।

মূল প্রবন্ধে ড. সেলিম রায়হান উল্লেখ করেন, ২০১৮ সালে বাংলাদেশে যুক্তরাজ্যের বৈদেশিক বিনিয়োগের পরিমাণ ছিল ৩৭০ মিলিয়ন মার্কিন ডলার, যা বাংলাদেশের মোট বৈদেশিক বিনিয়োগের ১০ শতাংশ। যদিও ২০১৮ সালে এশিয়া অঞ্চলের দেশগুলোতে যুক্তরাজ্যের সর্বমোট বৈদেশিক বিনিয়োগ ছিল ১৮৬ দশমিক ৪৬ বিলিয়ন ব্রিটিশ পাউন্ড, কিন্তু বাংলাদেশ এসেছে মাত্র শূন্য দশমিক ৩৭ শতাংশ। বাংলাদেশে যুক্তরাজ্যের বিনিয়োগ আরো বাড়াতে বাংলাদেশি রপ্তানি পণ্যের বহুমুখীকরণ, যথাযথ নীতিমালা ও কৌশল প্রণয়ন, ব্যবসা পরিচালনার ব্যয় হ্রাস, দ্রুততম সময়ে অবকাঠামো এবং বিশেষ অর্থনৈতিক অঞ্চলগুলোর (এসইজেড) কার্যক্রম বাস্তবায়ন জরুরি বলে মত প্রকাশ করেন তিনি। প্রধান অতিথির বক্তব্যে পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম বলেন, অতীতকাল থেকেই ব্রিটেন বিশ্ববাণিজ্যে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে আসছে, যা সাম্প্রতিক সময়ে আরো বেড়েছে।

আমাদের অর্থনীতি

# ওষুধ তথ্যপ্রযুক্তি শিক্ষা স্বাস্থ্য সেবা আর্থিক খাতে যুক্তরাজ্যের ব্যবসায়ীরা বিনিয়োগে আগ্রহী

মো. আখতারুজ্জামান : বাংলাদেশে নিযুক্ত যুক্তরাজ্যের হাইকমিশনার রবার্ট চ্যাটার্টন ডিকসন বলেন, বাংলাদেশের রপ্তানি পণ্যের বহুমুখীকরণ প্রয়োজন। বাংলাদেশের ওষুধ, তথ্যপ্রযুক্তি, শিক্ষা, স্বাস্থ্য, সেবা এবং আর্থিক খাতসমূহে ব্রিটিশ বিনিয়োগ আকর্ষণে যথেষ্ট সুযোগ রয়েছে।

হাইকমিশনার বলেন, সম্প্রতি ব্রিটেনে 'বাংলা বন্ড' চালু হয়েছে, যা দুদেশের উদ্যোক্তাদের আত্মবিশ্বাস ফিরিয়ে আনতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। তিনি দুদেশের বাণিজ্য সম্প্রসারণে বাংলাদেশস্থ ব্রিটিশ হাইকমিশন হতে সর্বাত্মক সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

বুধবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি আয়োজিত এক ওয়েবিনারে তিনি এ কথা বলেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম প্রধান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশে নিযুক্ত যুক্তরাজ্যের হাইকমিশনার এবং যুক্তারাজ্যে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার সাইদা মুনা তাসনিম।

শাহরিয়ার আলম বলেন, ব্রেক্সিট পরবর্তী সময়ে বাংলাদেশ ২০২৭ সাল পর্যন্ত ব্রিটেনে শুল্ক ও কোটামুক্ত সুবিধা নিয়ে পণ্য রপ্তানি করতে পারবে, যা আমাদের অর্থনীতির জন্য অত্যন্ত আশাব্যঞ্জক একটি বিষয়। তিনি বলেন, দুদেশের বাণিজ্য সম্পর্ক উন্নয়নে, বাণিজ্য ও বিনিয়োগ বিষয়ক ডায়ালগ আয়োজন, দুদেশের বাণিজ্য সংগঠনসমূহের মধ্যে যোগাযোগ আরো সুদৃঢ় করতে হবে।

## ব্রিটেনে চালু হয়েছে বাংলা বন্ড

ব্রিটিশবাংলাদেশিদের আরও বেশি হারে বাংলাদেশে বিনিয়োগে উৎসাহী করার প্রস্তাব করেন।

তিনি বলেন, বাংলাদেশ তরুণ জনগোষ্ঠী তথ্যপ্রযুক্তিখাতে বেশ সম্ভাবনাময় এবং এ সুযোগকে কাজে লাগিয়ে ব্রিটিশ তথ্যপ্রযুক্তি ভিত্তিক প্রতিষ্ঠানসমূহ বাংলাদেশে বিনিয়োগ করতে পারে।

ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ বলেন, বাংলাদেশে বৈদেশিক বিনিয়োগকারী দেশগুলোর মধ্যে যুক্তরাজ্যের অবস্থান দ্বিতীয়, যেখানে ২০২০ সালের মার্চ মাস পর্যন্ত যুক্তরাজ্য ভিত্তিক প্রতিষ্ঠানসমূহ বাংলাদেশে ২.৪৫ বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে। দেশে ব্রিটিশ বিনিয়োগ আকর্ষণে তিনি নতুন পণ্যের উদ্ভাবন এবং পণ্যের বহুমুখীকরণে উপর জোরারোপ করেন।

অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. সেলিম রায়হান। তিনি উল্লেখ করেন, বাংলাদেশে যুক্তরাজ্যের বিনিয়োগ আরও বৃদ্ধিতে তিনি বাংলাদেশি রপ্তানি পণ্যের বহুমুখীকরণ, যথাযথ নীতিমালা ও কৌশল প্রণয়ন, ব্যবসা পরিচালনার ব্যয় হ্রাস, দ্রুততম সময়ে অবকাঠামো এবং বিশেষ অর্থনৈতিক অঞ্চলগুলোর কার্যক্রম বাস্তবায়ন, খুবই জরুরি বলে মত প্রকাশ করেন।

সাইদা মুনা তাসনিম বলেন, ব্রিটিশ বাণিজ্য সংগঠনসমূহ বাংলাদেশের বিনিয়োগ সম্ভাবনা এবং ব্যবসা-বাণিজ্য খাত বিষয়ে খুব বেশি অবগত নয়। সেই সঙ্গে এ অবস্থা উত্তরণে বাংলাদেশের চেম্বার ও অ্যাসোসিয়েশনগুলোকে যোগাযোগ আরও বৃদ্ধি করতে হবে। প্রাণ আরএফএল গ্রুপের চেয়ারম্যান আহসান খান চৌধুরী বলেন, ব্রিটেনে বাংলাদেশী পণ্য ও সেবা রপ্তানি বাজার সম্প্রসারণে দুদেশের মধ্যকারমুক্ত বাণিজ্য চুক্তি স্বাক্ষর, রপ্তানি পণ্যের বহুমুখী করতে হবে। ডিসিসিআইর সাবেক সভাপতি হোসেন খালেদ বলেন, তৈরি পোষাকের বাইরে ব্রিটেনে বাংলাদেশি এরপর পৃষ্ঠা ৭, সারি ১

(শেষ পৃষ্ঠার পর) পণ্য রপ্তানির পরিমাণ মাত্র ৭ শতাংশ। সেই সঙ্গে এ অবস্থা উত্তরণে আমাদের পণ্যের বহুমুখীকরণের কোন বিকল্প নেই।

বেসিস সভাপতি সৈয়দ আলমাস কবীর বলেন, ইন্ডাস্ট্রিয়াল রোবট তৈরিতে নিয়োজিত যুক্তরাজ্যের প্রতিষ্ঠানগুলোকে আমাদের হাইটেক পার্কে বিনিয়োগের আহ্বান জানান। রহিম আফরোজ স্টোরেজ পাওয়ার বিজনেসের নির্বাহী পরিচালক ফারাজ এ রহিম ব্রিটেনে লাইট ইঞ্জিনিয়ারিং খাতের পণ্য রপ্তানির উপর জোরারোপ করেন। বাংলাদেশে ব্রিটিশ বিনিয়োগ আকর্ষণে আমাদের স্থানীয় উদ্যোক্তাদের সাথে যুক্তরাজ্যের কোম্পানিগুলোকে যৌথ বিনিয়োগে এগিয়ে আসার আহ্বান জানান।